

কাজের মধ্য দিয়ে শেখা পদ্ধতিতে কারিকুলাম প্রণয়ন করুন

স্টাফ রিপোর্টার ॥ প্রাথমিক শিক্ষাকে জাতীয় শিক্ষা কার্যক্রমের মূল ভিত্তি ধরে লার্নিং বাই ডুয়িং বা কাজের মধ্য দিয়ে শেখা পদ্ধতিতে কারিকুলাম প্রণয়নের আহ্বান জানিয়েছে ইনসিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইডিইবি)। আগামীকাল শুক্রবার আইডিইবি'র ৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকী ও গণপ্রকোশল দিবসের সপ্তাহব্যাপী কর্মসূচী ঘোষণা উপলক্ষে বুধবার আয়োজিত সংবাদ সম্মেলনে এ আহ্বান জানিয়েছেন সংগঠনটির নেতারা। সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য উপস্থাপন করেন সাধারণ সম্পাদক মোঃ শামসুর রহমান। বিভিন্ন প্রশ্নের উত্তর দেন সভাপতি এ কে এম এ হামিদ, সহ-সভাপতি একেএম আবদুল মোতালেব, যুগ্ম সম্পাদক মোঃ ফজলুর রহমান খান, মোঃ আব্দুন নুমান, অর্থ সম্পাদক মোঃ গিয়াস উদ্দিন, প্রচার সম্পাদক মোঃ সিরাজুল ইসলাম, শিক্ষা ও প্রশিক্ষণ সম্পাদক আলী ইদরিস প্রমুখ। সংবাদ সম্মেলনে আইডিইবি নেতৃত্বন্ত বলেন, বর্তমানে প্রচলিত প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় পাঠ্য বইয়ের চাপে কোমলমতি শিক্ষার্থীরা শিক্ষাভীতিতে ভুগছে। ফলে অঙ্কুরে অনেক মেধা বারে পড়ছে। শিক্ষাকে শিক্ষার্থীর মাঝে ভীতি নয়, আনন্দদায়ক করতে পারলেই শিক্ষার প্রতি শিশুরা অধিকতর আকৃষ্ট হবে। সুখী সম্মন্দ বাংলাদেশের অভীষ্ট লক্ষ্য অর্জনে মেধাভিত্তিক দক্ষ জাতি গঠনে পঞ্চম শ্রেণী পর্যন্ত বিভিন্ন ক্লাসে লার্নিং বাই ডুয়িং বা কাজের মধ্য দিয়ে শেখা পদ্ধতিতে কারিকুলাম প্রণয়ন জরুরী। এর ফলে একদিকে যেমন ছেলে মেয়েরা ভবিষ্যতে জীবনমূর্খী শিক্ষা গ্রহণে আগ্রহী হয়ে উঠবে, অন্যদিকে উন্নত দেশের ন্যায় সরকার ঘোষিত ২০৪০ সালের মধ্যে ৫০ ভাগ কারিগরি শিক্ষা প্রবর্তন করা সম্ভব হবে।

বিষয়টির গুরুত্ব অনুধাবন করে আইডিইবি'র এবারের প্রতিষ্ঠা দিবসের প্রতিপাদ্য 'লার্নিং বাই ডুয়িং হোক শিক্ষার ভিত্তি' নির্ধারণ করা হয়েছে বলে নেতৃত্বন্দ জানান। সপ্তাহব্যাপী কর্মসূচীর মধ্যে আগামীকাল শুক্রবার কেন্দ্রীয়ভাবে ঢাকায় সকাল ১০টায় আইডিইবি ভবনে র্যালিপূর্ব সমাবেশ, আলোচনা ও রাজধানীতে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার-ছাত্র-শিক্ষকদের অংশগ্রহণে বর্ণাত্য র্যালি। বাংলাদেশ টেলিভিশনসহ বেসরকারি কয়েকটি টিভি চ্যানেল ও বাংলাদেশ বেতারে আলোচনা অনুষ্ঠান সম্পচার, ৯-১৪ নবেম্বর কেন্দ্রীয় ও জেলা পর্যায়ে দিবসের প্রতিপাদ্যের আলোকে সেমিনার। আলোচনা এবং নবীন প্রযৌগ সদস্য প্রকৌশলীদের সমাবেশ।

**evaly**

# ১৬ টাকায় পোলো শার্ট



সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়ার খান। সম্পাদক কর্তৃক দ্রোব জনকর্ত্তা শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে দ্রোব বিন্দুর্স লিঃ ও জনকর্ত্তা লিঃ ঢাকা থেকে মন্দিত ও প্রকাশিত। রেজিঃ নং ডি.এ. ৯৪৬।

**কার্যালয়:** জনকর্ত্ত ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটার্ন,  
জিপিও বাস্তু: ৩৩৮০, ঢাকা।

**ফোন:** ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),  
**ফ্যাক্স:** ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
**ই-মেইল:** janakanthanews@gmail.com  
**ই-জনকর্ত্ত:** [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

**আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম):** মান্নান ভবন (দোতলা),  
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright ® All rights reserved by [dailyjanakantha.com](http://dailyjanakantha.com)